## পণ্যের শ্রেণীবিন্যাস কি ? শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে কি নিয়ম অনুসরন করতে হবে ?

এ বিশ্বে লক্ষ লক্ষ পণ্য রয়েছে। বিশ্বের বিভিন্ন দেশে এই পণ্যসমূহের বিভিন্ন নাম রয়েছে। সব নামগুলোর সাথে সকল মানুষ পরিচিত নাও হতে পারে। এ কারণে প্রত্যেকটি পণ্যকে এক একটি সাংকেতিক নাম্বার দেয়া হয়েছে। এ নম্বর দিতে গিয়ে সুনির্দিষ্ট কিছু নীতিমালা মানা হয়েছে। এই নীতিমালা WCO এবং WTO এর সকল সদস্যদের মেনে চলাটা বাধ্যতামূলক। প্রতিটি পণ্যকে সেকশন, চ্যাপ্টার এর আওতাভুক্ত করে যে সাংকেতিক নম্বর প্রদান করা হয়েছে তাই হচ্ছে পণ্যের শ্রেণীবিন্যাস। এ ক্ষেত্রে প্রতি পণ্যের শ্রেণীবিন্যাস কোড WCO এবং WTO এর আওতায় ছয় অংকে বা ডিজিটে প্রকাশ করা হয়েছে। যেমন গরুকে ০১০২... অংকে বা কোডে প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে প্রথম দুই অংক অর্থাৎ ০১ দিয়ে চ্যাপ্টারকে নির্দেশ করা হয়েছে এবং ০২ দিয়ে হেডিং-কে নির্দেশ করা হয়েছে। এখানে ০১০২ মোট ৪(চার)টি অংক দিয়ে হেডিং নির্দেশ করা হয়েছে। এই হেডিং এর আওতাভুক্ত পণ্য হচ্ছে খরাব bovine animals. এই পণ্যকে দুই ভাগে করা হয়েছে। অর্থাৎ হেডিংকে ঠিক রেখে এর পরিসর বাড়ানো হয়েছে। প্রথম পরিসর ০১০২.১০ হচ্ছে Pure-bred breeding animals Ges 0102.90 হচ্ছে Other.

পণ্যের শ্রেণীবিন্যাস করতে গেলে কিছু নীতিমালা মানতেই হবে। এই নীতিমালা মানা না হলে এক একটি পণ্যের শ্রেণীবিন্যাস ভিন্ন ভিন্ন এইচ.এস.কোড (হারমোনাইজড সিসটেম কোড) এর আওতায় পড়ার সম্ভাবনা থাকবে এবং এতে করে আন্তর্জাতিক পণ্য বিপনন বাধাগ্রস্থ হবে, কর আদায় অসচ্ছ হবে। এ জন্য প্রকৃত শ্রেণীবিন্যাসের জন্য প্রয়োজন শ্রেণীবিন্যাস সংক্রান্ত নীতিমালার ব্যাপারে স্বচ্ছ ধারনা থাকা।

মূলতঃ শ্রেণী বিন্যাসের জন্য ছয়টি নীতিমালা রয়েছে।

নীতিমালাগুলো নিম্নরূপ-

**নিয়ম-১ ঃ**

(১) নোমেনক্লেচার বা বাংলাদেশ কাস্টমস ট্যারিফের সেকশন, চ্যাপ্টার এ শুধু টাইটেল বা নাম দেখে শ্রেণীবিন্যাস করা যাবে না। পণ্যের টাইটেল বা নাম দেয়া হয়েছে যাতে পণ্যের কাছাকাছি পৌছা যায়। প্রকৃত শ্রেণীবিন্যাসের জন্য তাই পড়তে হবে সেকশনের টিকা বা নির্দেশিকা, চ্যাপ্টারের টিকা বা নির্দেশিকা। উদাহরণ হিসাবে বলা যায় যে এইচ.এস.কোড নং ০১০১.১০ এর ঘরে ঘোড়ার নাম বা টাইটেল রয়েছে। অতএব, টাইটেল এর ভিত্তিতে এইচএসকোড ০১০১.০১ এর ঘরে ঘোড়ার শ্রেণী বিন্যাস আপাতঃ দৃষ্টিতে ঠিক মনে হয়। কিন্তু চ্যাপ্ট্যার এর টিকা পড়লে দেখা যাবে যে, সকল ধরনের ঘোড়া এইচএসকোড ০১০১.০১ এর ঘরে শ্রেণীবিন্যাস করা যাবে না। সার্কাসের ঘোড়া যা চ্যাপ্টার ০১ এর আওতায় শ্রেণীবিন্যাস হবে না। এটি চ্যাপ্টার ৯৫ এর এইচএসকোড ৯৫০৮.১০ এর আওতায় শ্রেণীবিন্যাস হবে। অতএব, দেখা যাচ্ছে, টাইটেল বা নামের উপর নির্ভর না করে সেকশন, চ্যাপ্টার এর ফুটনোট পড়ে পণ্যের শ্রেণীবিন্যাস করতে হবে। কোন কারণে এই নিয়মে এইচ.এস.কোড নির্ধারণ করা না গেলে নিয়ম-২ অনুসরণ করতে হবে।

**নিয়ম-২ ঃ**

নিয়ম-২ দুইভাগে বিভক্ত। প্রথম ভাগ ২ক এবং দ্বিতীয় ভাগ ২খ।

২ ক এর আওতায় বলা হচ্ছে যে, কোন হেডিং এর পণ্য Incomplete, unfinished, unassembled or disassembled অবস্থায় আমদানি হলেও পণ্যটির অংশগুলো জোড়া লাগানোর পর যদি দেখা যায় আমদানি করা পণ্যটি পরিপূর্ণ পণ্যের Essential Character বহন করে তবে পণ্যটি বহুভাগে বিভক্ত হলেও unassembled, disassembled, unfinished, incomplete হলেও এটি পরিপূর্ণ পণ্য হিসাবে সুনির্দিষ্ট হেডিং এর আওতায় এইচএসকোড এর ঘরে শ্রেণীবিন্যাস হবে। উদাহরণ- একটি ফাউন্টেন পেন-কে খুলে আমদানি করা হয়েছে। যথা- কলমের মাথা, কলমকে প্যাকেটে আটকে রাখার ক্লিপ, কলমের নিব, নিব টাইট করার জিব, কালি ধারন করার বারাব টিউব, রাবার টিউবকে ধারন করার জন্য কলমের নিচের অংশ এগুলি একত্রে সংযোজন করলে কলম হবে। অতএব, এটার শ্রেণীবিন্যাস হবে কলমের ঘরে, অন্য কোথাও নয়। আবার এই চালানে কলমের ক্লিপ, খাপ আমদানি না হলেও বাকী অংশ সংযোজন করে লেখা সম্ভব। এক্ষেত্রে কলমের Essential Character পূরণ হবার কারণে এটির শ্রেণীবিন্যাস নিয়ম ২ক এর আওতায় পরিপূর্ণ কলম হিসাবে এইচ.এস. কোড এর আওতায় শ্রেণীবিন্যাস হবে।

২ খ ঃ এই নিয়ম ব্যবহার হয় Mixture (মিশ্রন), Combination of materials or substance এর ক্ষেত্রে। অর্থাৎ পণ্যটি যদি দুই বা ততোধিক আইটেমের সমন্বয়ে তৈরী হয়। উদাহরণ- গরুর চুল, মহিষের চুল একত্রে মেশানো আছে। এগুলো অপরিচ্ছন্ন অবস্থায় থাকতে পারে, আবার এগুলো Washed (পরিস্কার পরিচ্ছন্ন), Bleached (একটি প্রক্রিয়া), dyed (রং করা) অর্থাৎ বিভিন্নভাবে প্রক্রিয়াজাত (Processed) করা হয়েছে। প্রক্রিয়াজাত হবার পর এগুলো বিক্রির জন্য Bulk (অনেক পণ্য একত্রে), বা ছোট ছোট ভাগে, কাপড়ের অথবা কাগজের মোড়কে বিক্রয় করা হয়। এক্ষেত্রে দেখা যায় যে, Bovine animal এ অন্তর্ভুক্ত বিভিন্ন পশুর চুল এর মিশ্রন সত্ত্বেও এগুলো ০৫.০৩ হেডিং এর আওতায় শ্রেণীবিন্যাস হবে। কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর আওতায় প্রকাশিত First Schedule এর ০৫.০৩ হেডিং এর বিপরীতে কিছু রাখা হয়নি।

**নিয়ম-৩ ঃ**

নিয়ম-৩ মোট ৩ভাগে বিভক্ত। যথা-৩ক, ৩খ এবং ৩গ। নিয়ম ১ ও ২ এর আওতায় পণ্যের এইচ.এস.কোড নির্ধারণ করা না গেলে নিয়ম ৩ এর আশ্রয় গ্রহণ করতে হবে।

নিয়ম-৩কঃ কোন একটা পণ্য দেখা যাচ্ছে ৩টি হেডিং এর আওতায় আসছে। এক্ষেত্রে যে হেডিংটি সুনির্দিষ্টভাবে কোন পণ্যকে নির্দেশ করছে সে হেডিং এর আওতায় সুনির্দিষ্ট এইচ.এস.কোড-এ পণ্যের শ্রেণীবিন্যাস করতে হবে। যে হেডিংটি পণ্যটিকে সুনির্দিষ্টভাবে নির্দেশ না করে পরোক্ষ বা হালকা পরোক্ষভাবে পণ্যটিকে নির্দেশ করছে সে হেডিং এর আওতায় সংশ্লিষ্ট পণ্যটিকে শ্রেণীবিন্যাস করা যাবে না। উদাহরণঃ- Shaver (দাড়িকাটার যন্ত্র), Hair Clipper (চুল কাটার যন্ত্র) with self contained electric motor হেডিং ৮৫১০ এর আওতায় শ্রেণীবিন্যাস হবে। কেননা পণ্যটি এখানে সুনির্দিষ্ঠভাবে নির্দেশিত আছে। এই পণ্যটি electromechanical tools for working in hand এই জেনারেল ডেসক্রিপশনের আওতায় ৮৫০৮ এর ঘরে শ্রেণীবিন্যাস করা যাবে না। একই ভাবে electromechanical domestic appliances with self contained electric motor বিবেচনায় উপরে উল্লেখিত পণ্যটিকে ৮৫.০৯ হেডিং এ শ্রেণীবিন্যাস করা যাবে

না। একইভাবে Tufted textile carpet unidentifiable for use in motor car সাধারণ বর্ননার আওতায় মোটরগাড়ীর অংশ হিসাবে ৮৭০৮ হেডিং এ শ্রেণীবিন্যাসের চিন্তা করে আসলেও পণ্যটি যেহেতু ৫৭০৩ হেডিং এ সুনির্দিষ্টভাবে নির্দেশিত আছে যেহেতু এটি ৫৭০৩ হেডিং এর আওতায় শ্রেণীবিন্যাস হবে অন্য কোন হেডিং এর আওতায় নয়।

নিয়ম-৩খঃ কোন পণ্যে যদি একের অধিক বস্তুর মিশ্রন থাকে, কোন পণ্যে যদি বিভিন্ন Materials এর সমন্বয় থাকে, কোন পণ্যে যদি একাধিক কমপোনেন্টস এর সমন্বয় থাকে, কোন পণ্য খুচরা বিক্রয়ের জন্য যদি সেট আকারে উপস্থাপিত হয় তবে নিয়ম ৩খ প্রয়োগ করতে হয়। এখানে মূল বিবেচ্য বিষয় হলো যে, Mixture হোক, composite goods হোক, আসলে essential character কি? Essential Character যা হবে তার ভিত্তিতেই পণ্যের এইচ.এস.কোড নির্ধারিত হবে। এক্ষেত্রে ক্ষেত্রে বিশেষে Essential Character নির্ধারণের জন্য পণ্যের nature of the materials, components, its bulk, quantity, weight, value, role of constituent material-কে বিবেচনায় আনতে হয়। উদাহরণ- Ashtray consisting of a stand incorporating a removable ash bowl. Household spice racks consisting of a specially designed frame and an appropriate number of empty spice jars of suitable shape and size.। সাধারণত এই জিনিসগুলো একটি প্যাকিং এর ভেতরে বিক্রির জন্য রাখা হয়। "Retail Sale" এর ব্যাখ্যা ঃ- কমপক্ষে এক প্যাকেটে ২টি ভিন্ন ভিন্ন পণ্য রাখা হবে, এদের এইচ.এস.কোড ভিন্ন ভিন্ন হবে। এগুলি বিশেষ এক উদ্দেশ্যে সাধনের জন্যই বিক্রি করা হবে। এই পণ্য re-packing এর প্রয়োজন হবে না। উদাহরণ: একটি প্যাকেটে রান্না করা হয়। এমন এক প্যাকেট spaghetti (১৯.০২) এর প্যাকেটে চিজ (০৪.০৬) এর কৌটা টমেটোসস (২১.০৩) রাখা আছে। এটি এভাবেই বিক্রেতার কাছে বিক্রী করা হবে। এটি একটি সেট এবং এর মূল উদ্দেশ্য সহজভাবে খাওয়া। অতএব, এক্ষেত্রে প্রত্যেকটি আইটেম ভিন্ন ভিন্ন হেডিং এর আওতায় শ্রেণী বিন্যাস হলে মূল উদ্দেশ্যে সামনে রেখে নিয়ম ৩খ এর অওতায় এর শ্রেণী বিভাজন হবে ১৯.০২। এক্ষেত্রে এটা মনে রাখতে হবে যে, বেভারেজ কোম্পানী পানিয় তৈরীর জন্য ভিন্ন ভিন্ন উপাদান একত্র করে একটি কার্টুনে আমদানি করলেও তার একক শ্রেণীবিন্যাস হবে না। কারণ এটা Retail Sale এর জন্য বিক্রয়তব্য কোন সেট নয়।

নিয়ম-৩গঃ একাধিক আইটেমের সমন্বয়ে গঠিত কোনো পণ্য যদি নিয়ম ৩ক, ৩খ দ্বারা শ্রেণী বিন্যাস করা না যায় তবে ঐ পণ্য যে কয়টি এইচ.এস.কোডে শ্রেণীবিন্যাস করার সুযোগ রয়েছে বলে ধারনা করা যায়, তার মধ্যে যে সবার শেষে, সে হেডিং এর আওতায় ঐ পণ্যের শ্রেণীবিন্যাস হবে।

**নিয়ম-৪ ঃ**

যদি কোন পণ্য নিয়ম ১, ২ ও ৩ এর সাহায্যে শ্রেণীবিন্যাস করা না যায় নিয়ম ৪ এর আওতায় উক্ত পণ্যের শ্রেণী বিভাজন বিবেচনা করতে হবে। এক্ষেত্রে বিবেচনায় নিতে হবে যে, আলোচ্য পণ্যটি কোন হেডিং এর পণ্যের সাথে আলোচ্য পণ্যের সর্বাধিক মিল পাওয়া যাবে সে পণ্যের হেডিং এর আওতায় পণ্যের শ্রেণীবিভাজন হবে।

**নিয়ম-৫ ঃ**

এই নিয়মটি ২ভাগে বিভক্ত। প্রথমটি পণ্যের কেইজ, বাক্স ও সমজাতীয় পণ্যের আধার সম্পর্কিত এবং দ্বিতীয়টি পণ্যের প্যাকিং ম্যাটেরিয়ালস এর প্যাকিং কনটেইনার সম্পর্কিত।

নিয়ম-৫কঃ এই নিয়ম শুধু সেই কনটেইনারের জন্য যেগুলো বিশেষভাবে নির্মাণ করা হয়েছে বিশেষ ধরনের পণ্য বা তার সেটকে ধারণ করার জন্য। এগুলো অনেক দিন ধরে ব্যবহার করা যায়, এগুলো মূল পণ্যের রক্ষাকবচ হিসাবে ব্যবহৃত হয়, এগুলো মূল পণ্যের সংগে ক্রেতাকে দিয়ে দেয়া হয়। উদাহরণ-জুয়েলারী বক্স ৭১.১৩ এর আওতায় শ্রেণীবিন্যাসযোগ্য। কিন্তু যখন জুয়েলারীর সংগে বিক্রী হয় এবং দেখা যায় এটি জুয়েলারীকে ধারণ করার জন্যই তৈরী এবং জুয়েলারীরর সাথে ক্রেতাকে দিয়ে দেয়া হবে তখন তার শ্রেণীবিন্যাস কোড জুয়েলারীর এইচ.এস.কোড এই নির্ধারণ হবে। একই কারণে ইলেট্রিক কেইজ ৮৫.১০ এর আওতায়, বাইনোকুলার কেইজ এর হেডিং ৯০.০৫ এর আওতায়, মিউজিক্যাল ইন্সটুমেন্ট কেইজ ৯২.০২ এর আওতায় হবে। কিন্তু মিষ্টি ধারণ করার জন্য ornamental ceramic bowl এর অন্তর্গত হবে না।

নিয়ম-৫খঃ প্যাকিং ম্যাটেরিয়ালস সাধারণত যেগুলো পণ্য প্যাকিং করার জন্য ব্যবহার হয় সেগুলো মূল পণ্যের ক্লাসিফিকেশন কোডের অন্তর্ভুক্ত হয়। কিন্তু যদি দেখা যায় এগুলো বারবার ব্যবহার হবার সুযোগ রয়েছে তবে তা মূল পণ্যের ক্লাসিফিকেশন কোড এর আওতায় শ্রেণীবিন্যাস না হয়ে প্যাকিং কন্টেইনারের নিজস্ব এইচ এস কোড এ শ্রেণীবিন্যাস হবে। উদাহরণ- Oxygen Cylinder মূল পণ্য Oxygen-কে ধারণ করে। Oxygen শেষ হয়ে গেলে Cylinder আবার বিক্রেতার কাজে নিলে বিক্রেতা তা Oxygen দিয়ে পূর্ণ করে দেয়। এক্ষেত্রে Oxygen Cylinder with oxygen এর classification code হবে দুটি। একটি Oxygen এর জন্য এবং অন্যটি Cylinder এর জন্য।

**নিয়ম-৬ ঃ**

হেডিং এর আওতায় সাব-হেডিং এর আওতাধীন পণ্য সাব-হেডিং এর জন্য প্রযোজ্য শর্তের উপর নির্ভরশীল। এক্ষেত্রে সেকশন ও চ্যাপ্টার নোটও বিবেচ্য হয়। উদাহরণ- কোন পণ্যের হেডিং কোড ৪ ডিজিটের। যেমন-Others meat and edible meat offal, fresh, chilled or frozen ধরনের পণ্যের জন্য Heading 02.08. এক্ষেত্রে প্রথমে হেডিং কোড দিয়ে তারপর একক ডেস (Dash) দিয়ে এর আওতাভুক্ত পণ্যকে প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে কোন এইচ.এস.কোড ব্যবহার করা হয়নি। যেমন- ০২.০৮- other meat and adible meat offal, fresh, chilled or frozen. এখানে এইচ.এস.কোড ব্যবহার করা হয়নি। কেননা এই পণ্যগুলোকে কয়েকটি ভাগে বিভক্ত করা হয়েছে -

| Heading | H.S.Code | Description |
|---|---|---|
| 02.08 | 0208.10 | of rabbits or hares |
| | 0208.30 | of Primates |
| | 0208.90 | other |

World Trade Organisation and World Customs Organisation কর্তৃক প্রণীত Classification code এর জন্য ৬কোড পর্যন্ত নির্দেশিত আছে। এই Organisation এর আওতাভুক্ত সদস্য দেশগুলো তাদের প্রয়োজনে ৬ ডিজিটকে ভাঙ্গিয়ে ৮ ডিজিট পর্যন্ত করতে পারবে এবং এই ৮ ডিজিট এর পণ্য হবে ৬ ডিজিট এর আওতাভুক্ত পণ্যসমূহ, অন্য কোনো পণ্য নয়, এক্ষেত্রে যে একক ডেস-কে ভাঙ্গা হচ্ছে তার আওতাধীন পণ্য বিভাজনের জন্য double dash ব্যবহার হবে। যথা-

| Heading | H.S.Code | Description |
|---|---|---|
| 02.07 | | Meat and edible offal, of the poultry of heading no. 01.05, fresh, chilled, frozen |
| | | ...of fowls of the species Gallus domestics. |
| | | ...not cut in pieces, fresh of chilled. |
| | 0207.11.10 | ...wrapped/canned upto 2.5 kg |
| | 0207.11.90 | Other |
| | | Of turkey |
| | | ...not cut in pieces, fresh of chilled. |
| | 0207.24.10 | ...wrapped/canned upto 2.5 kg |
| | 0207.24.90 | Other |

এক্ষেত্রে লক্ষণীয় বিষয় হচ্ছে, একক ডেশ এর পণ্য যদি বিভাজন করতে হয় তার বিপরীতে এইচ.এস.কোড ব্যবহার হয়না। তার পরিবর্তে double dash (- -) ব্যবহার ও এইচ এস কোড প্রদর্শন করতে হয়। তবে লক্ষনীয় বিষয় হচ্ছে, double dash এর ক্ষেত্রে যে Single Dash এর আওতায় বিভাজন ঘটেছে তার সকল পণ্য double dash এর ক্ষেত্রে প্রযোজ্য। World Trade Organisation and World Customs Organisation এর আওতাভুক্ত কোন দেশ তাদের প্রয়োজনে ইচ্ছে করলে World Trade Organisation and World Customs Organisation এর দেয়া ৬ ডিজিটকে ভেঙ্গে ৮ ডিজিট করতে পারবে অর্থাৎ ৬ ডিজিট এর আওতায় ৮ ডিজিট করবে এবং এক্ষেত্রে যে ৬ ডিজিটের আওতায় আট ডিজিটে আনা হয়েছে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ৬ ডিজিটের পণ্যই শুধু বিভাজন হবে অন্য কোন পণ্য নয়।

বি.দ্র: -Double dash-কে বিভাজন করে Tripple dash (- - -) করতে হলে কেমন হবে। নিচে দেখানো হলো-

- - Poultry not cut in pcs (frozed), এক্ষেত্রে একটাকে ভাঙ্গা হয়েছে এবং এ কারণে এইচ.এস.কোড দেখানো হয়নি।

0207.11.00 - - - Wrapped/canned upto 2.5 kg (অর্থাৎ poultry not cut in pieces, fresh or chilled Wrapped/canned upto 2.5 kg.

যদি Thrkey এর মধ্যে বিভাজন আনতে চাই তাহলে এর Thrkey এর - - double dash বিপরীতে কোন এইচ এস কোড থাকবেনা। কিন্তু - - - dash করার পর তার বিপরীতে এইচ এস কোড থাকার এবং এক্ষেত্রে ৬ ডিজিটের পরিবর্তে ৮ ডিজিট আসবে। যথা---

H.S.Code blank - - Meat of turkeys not cut in pieces, fresh or chilled

0207.24.10 - - - Wrapped/canned upto 2.5 kg (অর্থাৎ Meat of turkeys not cut in pieces Wrapped/canned upto 2.5 kg

0207.24.20 - - - Turkey other.

বি:দ্র: বিশ্বের সকল পণ্যকে সর্বমোট ২১টি সেকশনের আওতায় বিন্যাস করা হয়েছে। এ ছাড়া ২১টি সেকশনের পণ্যকে সর্বমোট ৯৯টি চ্যাপ্টারের আওতায় আনা হয়েছে। শ্রেণীবিন্যাসের সুবিধার জন্য প্রত্যেকটি সেকশন, চ্যাপ্টারে পাদটিকা ও শর্তসমূহ আনয়ন করা হয়েছে। চ্যাপ্টার ৭৭কে খালি রাখা হয়েছে যাতে ভবিষ্যতে প্রয়োজনবোধে এটিকে ব্যবহার করা যায়। চ্যাপ্টার ৯৮, ৯৯কে রাখা হয়েছে যাতে contracting prates তাদের প্রয়োজনে ব্যবহার করতে পারে। বাংলাদেশ ৯৮ চ্যাপ্টারকে ব্যাগেজের জন্য ব্যবহার করেছে।